



জনাব নাসরীন আফরোজ ৪ঠা আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। নির্বাহী চেয়ারম্যান (সচিব) এর দায়িত্ব গ্রহণের অব্যবহিত পূর্বে তিনি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে কর্মরত ছিলেন।

জনাব নাসরীন আফরোজ বিসিএস (প্রশাসন) ক্যাডার এর একাদশতম ব্যাচের একজন সদস্য। ১৯৯৩ সালে টাঞ্জাইল জেলায় সহকারি কমিশনার হিসেবে যোগদানের মাধ্যমে তাঁর চাকুরী জীবনের সূচনা হয়। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়-এর লোক প্রশাসন বিভাগ থেকে যথাক্রমে বিএসএস (অনার্স) ও মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেন। এছাড়া অস্ট্রেলীয় সরকারের বৃত্তি নিয়ে অস্ট্রেলিয়া-র মনাস বিশ্ববিদ্যালয় থেকে পাবলিক পলিসি ও ম্যানেজমেন্ট বিষয়ে তিনি ডিষ্টিংশনসহ মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। মাঠ পর্যায়ে সহকারি কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে তাঁর কাজের অভিজ্ঞতা রয়েছে। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে তিনি সিনিয়র সহকারি সচিব হিসেবে কাজ করেছেন। তিনি ২০০৯-২০১২ পর্যন্ত সময়ে বিসিএস প্রশাসন একাডেমি-তে নবীন কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত ছিলেন। এছাড়া প্রকল্প পরিচালক হিসেবেও তিনি বিসিএস প্রশাসন একাডেমি-তে দায়িত্ব পালন করেন।

২০১২ সাল থেকে ২০১৯ পর্যন্ত তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়ে পরিচালক এবং মহাপরিচালক হিসেবে কর্মরত ছিলেন। ২০১৯ সালের ৫ নভেম্বর তিনি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করেন।

তিনি দেশে-বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করেন এবং পেশাগত সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে যথাক্রমে যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, জার্মানি, চেকোস্লোভাকিয়া, পোল্যান্ড, নেদারল্যান্ডস, বেলজিয়াম, অস্ট্রিয়া, তাজিকিস্থান, মালয়েশিয়া, সিঙ্গাপুর, চীন, ভিয়েতনাম, ভারত ইত্যাদি দেশ ভ্রমণ করেন। মাননীয় প্রধানমন্ত্রী-র সফরসঙ্গী হিসেবে তিনি হাঞ্জোরি ভ্রমণের সৌভাগ্য লাভ করেন। এছাড়া পেরু-তে মাননীয় প্রধানমন্ত্রী-র মনোনীত প্রতিনিধি হিসেবে উচ্চ পর্যায়ের High Level Panel on Water শীর্ষক সম্মেলনে যোগদান করেন।

ব্যক্তিগত জীবনে তিনি ০৩ (তিন) সন্তানের জননী। তাঁর স্বামী ড: ইমতিয়াজ কামাল একজন পরমাণু বিজ্ঞানী।